বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০১৯খ্রিস্টাব্দ/ ১১ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-২৫৭।-"স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০" এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯-১১৮৪ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধি মালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section(1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১১(এগার) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ২৮ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ হতে ০১ জানুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

"তফসিল"

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | সাধারণ নির্বাচন | | |
| ১ | চট্টগ্রাম | রাংগুনিয়া | মরিয়ম নগর | জনাব কৌশিক আহম্মদ খন্দকার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম |
| ২ | | | স্বনির্ভর রাংগুনিয়া | জনাব মোহাম্মদ শহীদুল্লাহ কায়সার, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম |
| ৩ | ভোলা | চরফ্যাশন | নুরাবাদ | জনাব মোঃ সাদিক আহমেদ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চরফ্যাশন, ভোলা |
| ৪ | | | আহাম্মদপুর | জনাব মোঃ সুলতান মাহমুদ মিলন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা |
| | | উপ-নির্বাচন | | |
| ৫ | কুড়িগ্রাম | উলিপুর | বুড়াবুড়ী | জনাব মিলন চন্দ্র পাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম |
| ৬ | রংপুর | মিঠাপুকুর | কাফ্রিখাল | জনাব মোঃ ফজলে এলাহী খান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর |
| ৭ | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | রহনপুর | বেগম ইসমত আরা তুশি জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ |
| ৮ | কিশোরগঞ্জ | কটিয়াদী | মসূয়া | জনাব মোঃ শহীদুল ইসলাম চৌধুরী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ |
| ৯ | মুন্সীগঞ্জ | গজারিয়া | হোসেন্দী | জনাব শান্তি চন্দ্র দেবনাথ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ |
| ১০ | গোপালগঞ্জ | কাশিয়ানী | ফুকরা | জনাব মোঃ হুমায়ুন কবির, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ |
| ১১ | যশোর | মনিরামপুর | ঢাকুরিয়া | জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নামঃ................. ইউনিয়ন পরিষদের নামঃ.............

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোঃ শরীফ হোসেন হায়দার)
উপ-সচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬

প্রাপক : উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজঁগাও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ১০০(একশত) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-২৫৭

তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, ............................মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
৩। সচিব, .................................... মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)
৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৫। জেলা ও দায়রা জজ,...........(সংশ্লিষ্ট)
৬। মহা-পরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৭। বিভাগীয় কমিশনার,............(সংশ্লিষ্ট)
৮। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০। উপ-মহাপুলিশ পরিদর্শক,.........(সংশ্লিষ্ট)
১১। জেলা প্রশাসক,..............(সংশ্লিষ্ট)
১২। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,.........(সংশ্লিষ্ট)
১৪। পুলিশ সুপার,...........(সংশ্লিষ্ট)
১৫। আঞ্চলিক নির্বাচন কমকর্তা,............(সংশ্লিষ্ট)
১৬ । রির্টানিং অফিসার,........(সংশ্লিষ্ট)
১৭। উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,...... (সংশ্লিষ্ট)
১৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার,......(সংশ্লিষ্ট)
২০ । সহকারী রির্টানিং অফিসার,........(সংশ্লিষ্ট)
২১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,......(সংশ্লিষ্ট)
২২। সিনিয়র / সহকারী সচিব (নি:ব্য:ও স:-২)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয় , ঢাকা
২৩। অফিসার ইনচার্জ,.......................(সংশ্লিষ্ট)
২৪। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭।অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮। উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)

২৬.১২.১৯
(বিপ্লব দেবনাথ)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৫৪৩